



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : [iprd@bou.ac.bd](mailto:iprd@bou.ac.bd)

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত  
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

## প্রেস রিলিজ

৫ জুন ২০২৩

### বাউবিতে বিশ্ব পরিবেশ দিবস পালিত

প্লাস্টিক দূষণ সমাধানে- সামিল হই সকলে এই প্রতিপাদ্য নিয়ে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে পালিত হলো বিশ্ব পরিবেশ দিবস-২০২৩। বাউবির আয়োজন এবং আন্তর্জাতিক উন্নয়ন ও গবেষণামূলক সংস্থা জিআরআরআইপিপি (সাউথ এশিয়া) সহযোগিতায় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতারের নেতৃত্বে দিবসটি উপলক্ষ্যে গাজীপুর ক্যাম্পাসে সকালে বৃক্ষরোপন, সচেতনতা ও বর্ণাঢ্য র্যালী অনুষ্ঠিত হয়।



অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বলেন, প্রতিবছর হাজার হাজার টন প্লাস্টিক খাল বিল নদী নালায় নিক্ষিপ্ত হয়ে পরিবেশ ও জীববৈচিত্রের ক্ষতি করছে। মাইক্রোপ্লাস্টিক কণা খাদ্য, পানি ও বাতাসে ভেসে বেড়াচ্ছে। একদিকে বাড়ছে যথেষ্ট প্লাস্টিকের ব্যবহার অন্যদিকে চলছে বৃক্ষ নিধন। ফলে, বাংলাদেশ আজ ভূমিকম্পসহ প্রাকৃতিক দুর্যোগে সম্মুখীন। তিনি আরো বলেন, বাংলাদেশকে তার অভিষ্ট লক্ষ্যে নিয়ে যেতে চাইলে পরিবেশ ভারসাম্যের ওপর জোর দিতে হবে। এ সময় সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন উপাচার্য ড. হুমায়ুন আখতার।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) ও জিআরআরআইপিপি -এর রিজ্যুয়নাল লীড অধ্যাপক ড. মাহবুবা নাসরীন বলেন, প্রাকৃতিক দুর্যোগ ও ঝুঁকি মোকাবেলায় আজকের বিশ্ব পরিবেশ দিবসের এই আয়োজন অনুকরণীয় ও মডেল হয়ে থাকবে। এছাড়াও, বৃক্ষরোপন ও বর্ণাঢ্য অনুষ্ঠানটিতে অংশ নেন ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, বিভিন্ন স্কুলের ডিন, পরিচালকবৃন্দ, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ, বাউবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আনোয়ারুল ইসলাম সাধারণ সম্পাদক আব্দুস সাত্তার, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সাধারণ সম্পাদক মেহেরীন মুনজারিন রত্না, ডিরেক্টর কাউন্সিল, বাউবি সৌন্দর্যবর্ধন কমিটি আহ্বায়ক ড. মো. শহীদুর রহমানসহ বাউবি ল্যাবরোটরি স্কুলের প্রায় শতাধিক কোমলমতি শিক্ষার্থী। পরে, ফুল ফল ওষুধিসহ নানা জাতের বৃক্ষ রোপন করেন উপাচার্যসহ সকলে।

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)